[illegible] [illegible] [illegible]

-আলমডাঙ্গা প্রতিনিধি

গতিধারা প্রকাশনীর কর্ণধার লেখক সিকদার আবুল বাশার আর নেই

“মেহেরপুরের ইতিহাস ও ঐতিহ্য” বইয়ের প্রকাশক, গতিধারা প্রকাশনীর কর্ণধার, লেখক সিকদার আবুল বাশার আর নেই (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

গতকালসোমবার বাংলা বাজারের কর্মস্থলে তার আকস্মিক হার্ট অ্যাটাক হয়। সেখান থেকে ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পর দুপুরে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

প্রতিদিনের মতো গতকাল সকালে তিনি তাঁর প্রকাশনা সংস্থায় এসেছিলেন। সেখানেই তার হার্ট অ্যাটাক হয়।

এরপর তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই তার মৃত্যু হয়। তার মৃত্যুতে প্রকাশনা জগতে গভীর শোকের ছায়া নেমে আসে।

-নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুর শহরে রাতে গবাদি পশুর বিচরণ

মেহেরপুর শহরের সড়ক গুলো রাতে বেওয়ারিশ গবাদি পশুর উৎপাত বেড়ে গেছে। এই উৎপাতের হাতে রক্ষা পেতে গতকাল সোমবার রাতে যুবলীগ নেতা আফজাল হোসেন লিখন বেশ কয়েকটি গরু বিদ্যুতিক পোলে বেধে রাখেন।

[illegible] [illegible] [illegible] [

[illegible] (AI) [illegible] [illegible] [illegible]

থানা পুলিশ।

আজ সোমবার বিকেল সাড়ে চারটার দিকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলো গাংনী উপজেলার সহড়তলা গ্রামের মধ্যো পাড়ার মৃত বিল্লাল হোসেনের ছেলে মো : মাসুম রানা (২২), একই গ্রামের পূর্ব পাড়ার মো : মখলেছুর রহমানের ছেলে আলিফ আল হাসান (১৯) ও মকলেচুর রহমানের ছেলে মো : হৃদয় তানভীর (২০)।

গাংনী থানা সুত্রে জানা যায় , গোপন সংবাদের ভিত্তিতে এস আই হান্নানের নেতৃত্বে অভিযান চালিয়ে ৩০ বোতল ফেন্সিডিল ও একটি লাল হিরো হোন্ডা মোটরসাইকেল সহ তেরাইল গ্রামের পশ্চিমপাড়ার রাস্তার উপর থেকে তাদের গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান বলেন, গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীরা মাদক বিক্রির উদ্দেশ্যে রাস্তায় অপেক্ষা করছিল। এসময় তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতদের মাদক মামলায় কোর্টে প্রেরণ করা হবে।

গাংনী প্রতিনিধি

সারা দেশে নিয়োগ দেবে ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘টিএসএম (কম্পিউটার /আইটি প্রডাক্ট)’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারেন।

পদের নাম

টিএসএম (কম্পিউটার /আইটি প্রডাক্ট)

পদসংখ্যা

মোট ১০ জনকে নিয়োগ দেওয়া হবে।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা ডিপ্লোমা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং / কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক অথবা ডিপ্লোমা পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। প্রার্থীর পূর্ববর্তী কাজের এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ন্যূনতম বয়স ২৪ বছর হতে হবে।

কর্মস্থল

সারা দেশ

বেতন স্কেল

বেতন আলোচনা সাপেক্ষে।

আবেদনের প্রক্রিয়া

প্রার্থীরা বিডিজবস অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

আবেদন করা যাবে ২০ নভেম্বর, ২০১৯ পর্যন্ত।

সূত্র : বিডিজবস

মুজিবনগর ভ্রাম্যমান আদালতে ১০ হাজার টাকা জরিমানা আদায়

মুজিবনগরে বেকারী, হোটেল সহ বিভিন্ন প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত।

আজ সোমবার বিকাল সাড়ে ৪টার সময় মুজিবনগর কেদারগঞ্জ বাজারে মিজান বেকারীতে অপরিছন্ন অবস্থায় রুটি বিস্কুট সহ অন্যআন্য সামগ্রী তৈরী করার অপরাধে মিজান বেকারীর মালিক মিজানুর রহমানের কাছে থেকে ২০০৯ সালের ভোক্তা অধিকার আইন ৫৩ ধারা মোতাবেক ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মুজিবনগর ফল ভান্ডারে পুরাতন স্বাস্থ্য সর্তকতা সম্বলিত রেকসন সিগারেট ও আবুল খায়ের টোবাকো কোম্পানীর সিগারেট রাখা ও বিক্রয় করার অপরাধে মুজিবসগর ফল ভান্ডারের মালিক জুলফিক্কারের কাছে থেকে ২০০৯ সালের ভোক্তা অধিকার আইন ৫১ ও ৫৩ ধারা এবং ধুমপান ও তামাক নিয়ন্ত্রণ ২০০৫ এর ১০ ধারা মোতাবেক ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয় , মায়ের দোয়া হোটেলে অপরিছন্ন অবস্থায় মিষ্টি ও বিভিন্ন প্রকার খাবার বিক্রয় করার অপরাধে মায়ের হোটেলের মালিক জানসুরাতের কাছে থেকে ২০০৯ সালের ভোক্তা অধিকার আইনে ৫৩ ধারা মোতাবেক ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয় , হেকমত ষ্টোরে পলিথিন রাখার অপরাধে হেকমত ষ্টোরের মালিক হেকমত আলীর কাছে থেকে ১৯৯৫ সালের ৬ (ক) ধারা মোতাবেক ১ হাজার টাকা জরিমানা আদায় করে মুজিবনগর ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী।

মুজিবনগর ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী জানান , কেদারগঞ্জ বাজারে অভিজান চালিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের মালিকের কাছে থেকে বিভিন্ন অপরাধে ১০ হাজার জরিমানা আদায় করা হয়।

মুজিবনগর প্রতিনিধি

ক্যারিয়ার গড়ুন সীমান্ত ব্যাংকে

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে সীমান্ত ব্যাংক লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘ ট্রেইনি অ্যাসিস্ট্যান্ট অফিসার ’ পদে নিয়োগ দেওয়া হবে। নারী ও পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন।

[illegible]
[illegible]

[illegible]

[illegible]